

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”



অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, এপ্রিল ২৫, ২০২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
কৃষি বিপণন অধিদপ্তর
প্রজ্ঞাপন

তারিখ : ১১ বৈশাখ, ১৪২৯ বঙ্গাব্দ/২৪ এপ্রিল, ২০২২ খ্রিষ্টাব্দ

এস. আর. ও নং ৯৩-আইন/২০২২।—সরকার, সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) এর ধারা ৫৯ এ প্রদত্ত ক্ষমতাবলে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ১৪০ এর দফা (২) এর বিধান অনুসারে বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে, কৃষি বিপণন অধিদপ্তর (কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৮ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত বিধিমালার—

১। বিধি ২ এর দফা (গ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (গ) প্রতিস্থাপিত হইবে, যথা:—

“(গ) “তফসিল” অর্থ এই বিধিমালার তফসিল ১, ২, ৩, ৪ ও ৫;”;

২। তফসিল-১ এর—

(ক) ক্রমিক নং-১৬ এবং উহার বিপরীতে কলাম নং ২, ৩, ৪ এবং ৫ এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে ক্রমিক নং ১৬ এবং উহার বিপরীতে কলাম নং ২, ৩, ৪ এবং ৫ এ নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:—

১৬।	প্রশাসনিক কর্মকর্তা (গ্রেড-১১)	-	পদোন্নতির মাধ্যমে	প্রধান সহকারী বা সাঁটলিপিকার কাম-কম্পিউটার অপারেটর বা কম্পিউটার অপারেটর পদে অন্যান্য ৫ (পাঁচ) বৎসর বা সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর বা উচ্চমান সহকারী (প্রধান কার্যালয়) পদে অন্যান্য ৭ (সাত) বৎসর বা উচ্চমান সহকারী (বিভাগীয় কার্যালয়) পদে অন্যান্য ৯ (নয়) বৎসরের চাকরি।
-----	--------------------------------	---	-------------------	---

(৭৮৬৯)

মূল্য : টাকা ৪.০০

(খ) ক্রমিক নং ৫০ এবং উহার বিপরীতে উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে ক্রমিক নং ৫০ এবং উহার বিপরীতে কলাম নং ২, ৩, ৪ এবং এ ৫ নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:—

৫০।	অফিস সহায়ক	৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে	(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং (খ) তফসিল-৫ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।
-----	-------------	---------	-------------------------	---

”; এবং

০৩। তফসিল-৪ এর পর নিম্নরূপ তফসিল-৫ সংযোজিত হইবে, যথা:—

“তফসিল-৫

[বিধি ২ (গ) দ্রষ্টব্য]

অফিস সহায়ক পদে সরাসরি নিয়োগের জন্য প্রার্থীদের পরীক্ষার বিষয়, নম্বর, ইত্যাদি:—

ক্রমিক নং	পরীক্ষা পদ্ধতি ও বিষয়াবলি	বিষয় ভিত্তিক নম্বর	মোট নম্বর	লিখিত পরীক্ষার সর্বনিম্ন পাস নম্বর	লিখিত পরীক্ষার সময়
(ক)	১. লিখিত পরীক্ষার বিষয়				
	বাংলা	২০	৭০	৫০%	৬০ মিনিট
	ইংরেজি	২০			
	গণিত	২০			
সাধারণ জ্ঞান	১০				
(খ)	২. মৌখিক পরীক্ষা		৩০		
সর্বমোট নম্বর :			১০০		

”।

রাষ্ট্রপতির আদেশক্রমে

আঃ গাফফার খান
অতিরিক্ত সচিব
ও
মহা-পরিচালক।

মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www. bgpress. gov. bd